

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

In the name of Allah, Most Gracious, Ever Merciful



প্রেস বিজ্ঞপ্তি
৮ই মার্চ, ২০১৮



আহ্মদীয়া মুসলিম জামা'তের প্রধান বাইতুল ফুতুহ মসজিদ এর নতুন প্রশাসনিক ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

আগুনে ক্ষতিগ্রস্ত হওয়া আহ্মদীয়া মুসলিম জামা'তের প্রশাসনিক ভবনের পুনর্নির্মাণ কাজ
আরম্ভ।

গত ৪ মার্চ, ২০১৮ নিখিলবিশ্ব আহ্মদীয়া মুসলিম জামাতের বর্তমান প্রধান ও পঞ্চম খলীফা হযরত
মির্যা মসরুর আহমদ (আই.) মরডেন-এ অবস্থিত বাইতুল ফুতুহ মসজিদ সংলগ্ন নতুন প্রশাসনিক
ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

Registered Address: 22 Deer Park Road, London, SW19 3TL UK
Tel/Fax: 020 8544 7613 Mob: 077954 90682 Email: press@ahmadiyya.org.uk

Press Secretary AMJ International



নতুন প্রশাসনিক ভবনের মধ্যে বহুমুখি হল, বিভিন্ন অফিস এবং অতিথিশালার পুনর্নির্মাণ করা হচ্ছে যা ২০১৫ সালের সেপ্টেম্বর মাসে ভয়াবহ অগ্নিকাণ্ডে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

এদিন আসরের নামাযের পর হযরত মির্যা মসরুর আহমদ(আই.) নির্ধারিত জায়গায় ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এরপর হযুরের সম্মানিত বেগম সাহেবা হযরত আমাতুল সবুহ বেগম এবং জামা'তের কেন্দ্রীয়

ও জাতীয় প্রতিনিধিগণ যথাক্রমে এ কর্মসূচীতে অংশ নেন। হুযূর (আই.) নীরব দোয়ার মাধ্যমে অনুষ্ঠানটির ইতি টানেন।



প্রকাশ থাকে যে, ২০১৫ সালের ২রা অক্টোবর জুমুআর খুতবায় এই অগ্নিকাণ্ড সম্পর্কে হুযূর আনোয়ার (আই.) বলেন,

“প্রকৃত বিশ্বাসীদের জন্য ধৈর্যের সত্যিকার অর্থ জানা অত্যাবশ্যিক। ধৈর্য মানে এই নয় যে, একজন মানুষ ক্ষতির কারণে দুঃখ বা বেদনা অনুভব করবে না। বরং এর অর্থ হল, তার এতটা হতাশায় নিমজ্জিত হওয়া উচিত নয় যে, সে জ্ঞান হারাতে এবং ভবিষ্যতে তার মনে আর কোন আশার সঞ্চার হবে না।”

হুযূর (আই.) আরো বলেন,

“অবশ্যই দুঃখ করা স্বাভাবিক কিন্তু এর সাথে সাথে এই অবস্থা থেকে উত্তোরণ করা এবং ভবিষ্যতে বড় কোন ধরণের সমস্যার ক্ষেত্রে সমাধানের উপায় খুঁজে বের করতে হবে। একইভাবে এই পরীক্ষার সম্মুখীন

হয়ে আমরা অঙ্গীকার করতে পারি এবং আমাদের কাজের যথার্থতা যাচাই করতে পারি, কীভাবে ভবিষ্যতে আমরা সফলকাম হব এবং আল্লাহ্ তা'লার সমীপে নিজেদেরকে উৎসর্গ করব।”

হযূর আনোয়ার (আই.) বলেন,

“যেমনটি আমি পূর্বেও উল্লেখ করেছি, অগ্নিকাণ্ডের কারণে অনেক ক্ষয়ক্ষতি হয়েছে। খোদার ইচ্ছায় আমরা এর চেয়েও অনেক সুন্দর এবং উত্তম ভবন তৈরি করব ইনশাআল্লাহ্ এবং তাঁর কৃতজ্ঞতা জ্ঞাপনস্বরূপ আন্তরিকতার সাথে বেশি বেশি সুবহানাল্লাহ্ এবং মাশাআল্লাহ্ পাঠ করব।”

এই পুনর্নির্মাণ কাজটি খুব শীঘ্রই শুরু হবে এবং আশা করা যায় আগামী দু' বছরের মধ্যেই এই প্রকল্পটি সম্পূর্ণরূপে সম্পন্ন হবে। ইনশাআল্লাহ্।